



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেল সুপারের কার্যালয়, নাটোর জেলা কারাগার
www.prison.natore.gov.bd



পত্র নং ৫৮.০৪.৬৯০০.১৩০.০১.০০১.২১- ১৮০ (৭)

তারিখ : ৩ ফাল্গুন ১৪২৭
১৬ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. কারা মহাপরিদর্শক, বাংলাদেশ, কারা অধিদপ্তর, ঢাকা ;
২. কারা উপ-মহাপরিদর্শক রাজশাহী বিভাগ, সদর দপ্তর, রাজশাহী ;
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর ;
৪. পুলিশ সুপার, নাটোর ;
৫. সিভিল সার্জন, নাটোর ;
৬. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নাটোর ;
৭. এ্যাড. মোঃ সাজেদুর রহমান খান, চেয়ারম্যান, জেলা পরিষদ, নাটোর।

৫৮১
২৩/২/২১
(মোহাম্মদ আবদুর রহিম)
বিজে ০২৭৫৯৯০০২০৮
জেল সুপার
ফোন : ০৭৭১-৬১০৮৫
নাটোর জেলা কারাগার
E-mail : djnatore@gmail.com

নাটোর জেলা কারাগারে অনুষ্ঠিত বোর্ড অব ভিজিটরস এর ত্রৈমাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : মো: শাহরিয়াজ, জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর

তারিখ : ৩১ জানুয়ারি ২০২১

সময় : বিকাল- ৩.৩০ ঘটিকা

স্থান : জেল সুপারের কার্যালয়, জেলা কারাগার, নাটোর

উপস্থিত সদস্য : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিগত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী কমিটির সদস্যসচিব পাঠ করে শোনান। গত সভায় গৃহীত সিদ্ধান্তগুলি বাস্তবায়ন সম্পর্কে সবাইকে অবহিত করা হয় এবং যে সব বিষয় অদ্যাবধি বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তর/ কর্মকর্তাকে তাগিদ দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অন্য কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

কার্যবিবরণী :

ক্র. নং	আলোচ্য সূচি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩	৪
১.	নাটোর জেলা কারাগারের জমির পরিমাণ কম। মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনা কারাগারকে সংশোধনাগারে রূপান্তর করণের লক্ষ্যে পূর্ণবাসন কার্যক্রম পরিচালনার জন্য অত্র কারাগারের বিদ্যমান জমি ৭.৫০ (সাত দশমিক পাঁচ শূন্য) একর জমির সাথে আরো ১০.০০(দশ দশমিক শূন্য শূন্য) একর জমি অধিগ্রহণ ;	জমি অধিগ্রহণের বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
২.	কারা অভ্যন্তরে বন্দিদের পড়াশুনার জন্য লাইব্রেরী (“বঙ্গবন্ধু বুক কর্ণার”) নির্মাণ করণ;	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৩.	পশ্চিম পার্শ্বস্থ ডোবা ভরাটের ব্যবস্থা গ্রহণ;	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৪.	পেরিমিটার ওয়ালের ভিতর ও বাহিরে প্রয়োজনীয় মেরামত ও রং করণ ;	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৫.	পয়: নিষ্কাশনের জন্য পশ্চিম পার্শ্বে ড্রেন নির্মাণ করে দক্ষিণ পার্শ্বে বিদ্যমান ড্রেনের সংগে সংযুক্ত করণ ;	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৬.	নাটোর জেলা কারাগারের ৭.৫ (সাত সাত) একর জমির খাজনা পরিশোধের নিমিত্ত নামজারী করণ ;	এ বিষয়ে পূর্ত মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে নির্বাহী প্রকৌশলী সভায় অবগত করেন ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।

৭.	নাটোর জেলা কারাগারে ডাবল ফেজ বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহণ ;	এ বিষয়ে দরপত্র আহবান করত: অর্থ বরাদ্দের লক্ষ্যে কারা অধিদপ্তর, ঢাকা সমীপে পত্র প্রেরণ করা হয়েছে। অর্থ বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে বৈদ্যুতিক সংযোগ প্রদান সম্ভব হবে ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; ২. পল্লী বিদ্যুৎ সমিতি নাটোর ; এবং ৩. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৮.	পশ্চিম পার্শ্বস্থ ১.৫ (দেড়) একর জমির সীমানা প্রাচীর নির্মাণ করে তা বিদ্যমান সীমানা প্রাচীরের সংগে সংযুক্ত করণ ;	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
৯.	‘নাটোর জেলা কারাগার নামযুক্ত’ সুদৃশ্য তোরণ নির্মাণ ;	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।
১০.	কারাভ্যন্তরে কারা ক্যান্টিনের সামনে পানির লাইনের মেরামত ও কয়েকটি গেইট ভাঙ্গ পরিবর্তন করণ।	এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ;	১. নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নাটোর ; এবং ২. জেল সুপার নাটোর জেলা কারাগার।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ২৬.০২.২১
 (মো: শাহরিয়ারজ পিএএ)
 জেলা ম্যাজিস্ট্রেট
 নাটোর
 ও
 সভাপতি

বোর্ড অব ডিজিটরস, জেলা কারাগার, নাটোর।